গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০০০.০১৪.৩৩.০০০১.২৫.১৭৯

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: **খাদ্য মন্ত্রণালয়ের কোটাভুক্ত (এ/বি/সি-শ্রেণি) বাসা/ফ্ল্যাটে সাবলেট/ভাড়া বন্ধকরণ।**

খাদ্য মন্ত্রণালয়ের কোটাভুক্ত (এ/বি/সি শ্রেণি) সকল সরকারি বাসা/ফ্ল্যাটের বরাদ্দপ্রাপক এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে য়ে কোটাভুক্ত (এ/বি/সি-শ্রেণি) বরাদ্দপ্রাপকগণ কর্তৃক বরাদ্দকৃত বাসা/ফ্ল্যাটের ১/২ রুম বা সম্পূর্ণ বাসা/ফ্ল্যাট সাবলেট/ভাড়া প্রদান বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ এর পরিপন্থী।

এমতাবস্থায়, কোন বাসা/ফ্ল্যাটের বরাদ্দপ্রাপককে তার নামে বরাদ্দকৃত বাসা/ফ্ল্যাটের সম্পূর্ণ বা আংশিক (এক বা একাধিক রুমসহ) কোনভাবেই সাবলেট/ভাড়া প্রদান না করার জন্য অনুরোধ করা হলো। যারা ইতোমধ্যে সাবলেট/ভাড়া প্রদান করেছেন, তাঁদের অতিসত্বর সাবলেট/ভাড়াটিয়াকে আবশ্যিকভাবে অপসারণপূর্বক যথানিয়মে বরাদ্দকৃত বাসায় অবস্থান/বসবাস করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অন্যথায় কোন বাসায় সাবলেট/ভাড়া পাওয়া গেলে কোন কারণ দর্শানো ছাড়াই বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ অনুযায়ী সংশ্লিষ্ট বরাদ্দপ্রাপকের বরাদ্দ বাতিলসহ বিধি মোতাবেক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯-১১-২০২৬
মোহাম্মদ আব্দুল কাদের আজাদ
উপসচিব
ফোন : +৮৮০২২৩৩৯০৬৫৯
ফ্যাক্স : +৮৮০২৯৫১৫০২৪
ইমেইল : admin2@mofood.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
২। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৪। উপসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। উপপরিচালক, সংস্থাপন শাখা, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীরে অবহিতকরণের অনুরোধসহ)।
৮। ২য় শ্রেণি কর্মকর্তা (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৯। ৩য় শ্রেণি কর্মচারী (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১০। ৪র্থ শ্রেণীর কর্মচারী (সকল), খাদ্য মন্ত্রণালয়।